# <u>নাচোলে তারুণ্যের উৎসবে বিএমডিএ’র প্রশিক্ষণ কর্মশালা</u>




**চাঁপাইনবাবগঞ্জে তারুণ্যের উৎসব উপলক্ষে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের (বিএমডিএ) আয়োজনে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।**

রবিবার (২৭ জুলাই) সকাল ১০ টায় জেলার নাচোল উপজেলার বিএমডিএ প্রশিক্ষণ কক্ষে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সেচের পানির অপর্যাপ্ততায় এলাকায় শস্য বিন্যাসের মাধ্যমে ও AWD পদ্ধতিতে সেচ প্রদান করে পানি সাশ্রয়করণে উদ্বুদ্ধকরণ, কর্তৃপক্ষের চলমান প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা ও ভূ-উপরিস্থ পানির সঠিক ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নে বিএমডিএ’র ভূমিকা শীর্ষক আলোচনা হয়।

প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের (বিএমডিএ) রাজশাহী প্রধান কার্যালয়ের প্রকৌশল, গবেষণা ও প্রশিক্ষণ শাখার তত্ত্বাবধায়ক মোঃ জিন্নুরাইন খান, বিএমডিএ চাঁপাইনবাবগঞ্জ রিজিয়নের নির্বাহী প্রকৌশলী মোঃ আল মামুনুর রশীদ, বিএমডিএ, নাচোল জোনের সহকারী প্রকৌশলী মোঃ রেজাউল করিম, পরিদর্শক মোঃ ইউসুফ আলী, মনিটরিং অফিসার মোঃ আশরাফুল ইসলামসহ অনেকে।

জিল্লুরাইন খান বলেন, “কৃষি উদোক্তাই আগামীর সফল মানুষ” এই শ্লোগানে তরুন প্রজন্মের লিডারশিপ ও উদ্ভাবনী মেধা দিয়ে কৃষিকে এগিয়ে নিতে হবে।

প্রশিক্ষণ শেষে সকল প্রশিক্ষণার্থীদের ১টি ফলদ গাছ ও ১টি AWD পাইপ প্রদান করা হয়।